প্রথম আলো

তারিখ ... 7 AUG 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ......

## জুতা না পরায় বের করে দেওয়া হলো স্কুল থেকে

# স্কুলছাত্রীর আত্মহত্যা!

নাটোর প্রতিনিধি ●

জুতা পরে না যাওয়ায় স্কুল থেকে বের করে দেওয়ার ঘটনায় অপমান সইতে না পেরে নাটোরের সিংড়ায় সাবিনা ইয়াসমিন (১২) নামের এক স্কুলছাত্রী আত্মহত্যা করেছে। গতকাল রোববার দুপুর ১২টার দিকে পৌর এলাকার চক সিংড়া মহল্লায় এ ঘটনা ঘটেছে।

সাবিনা ইয়াসমিন সিংড়া দমদমা বালিকা উচ্চবিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির ছাত্রী ছিল। সে একই এলাকার গোলাম রাব্বানীর মেয়ে। তবে স্কুল কর্তৃপক্ষের দাবি, সাবিনা ইয়াসমিনকে ক্লাস থেকে বের করে দেওয়া হয়নি। এটা একটা অনাকাঙ্ক্ষিত ঘটনা।

স্কুল ও সাবিনা ইয়াসমিনের পরিবার সূত্রে জানা গেছে, সিংড়া দমদমা বালিকা বিদ্যালয়ে অন্য দিনের মতো গতকাল সকালে অ্যাসেম্বলি হয়। অ্যাসেম্বলিতে ষষ্ঠ শ্রেণির কয়েকজন ছাত্রীর মতো অন্য ক্লাসেরও কয়েকজন বিদ্যালয়ের জামার সঙ্গে জুতা পরে আসেনি। এ কারণে সবাইকে পরের দিন থেকে জুতা পরে আসতে বলেন প্রধান শিক্ষক বিলকিস আক্তার বানু। অ্যাসেম্বলি শেষে সবাই যে যার মতো ক্লাসে চলে যায়।

পরে ক্লাস শুরু হলে শ্রেণিশিক্ষক আবু হানিফ ষষ্ঠ শ্রেণির ছাত্রী সাবিনা ইয়াসমিনসহ তিনজনকে বাড়ি থেকে জুতা পরে আসতে বলেন। কিন্তু সাবিনা ইয়াসমিন জুতা পরার জন্য বাড়িতে গিয়ে গলায় ওড়না পেঁচিয়ে নিজ ঘরে আত্মহত্যা করে।

সাবিনা ইয়াসমিনের বাবা গোলাম রাব্বানী বলেন, 'সকালে মেয়ে স্কুল থেকে চলে আসার কারণ জানতে চাই। মেয়ে বলে বিদ্যালয়ের জামার সঙ্গে জুতা পরে না যাওয়ার কারণে তাকে জুতা পরে স্কুলে যেতে বলা হয়েছে। আমিও মেয়েকে বলি তুমি জুতা পরে না গেলে তো স্কুল থেকে বের করেই দেবে, কেন জুতা পরে যাওনি। পরে মেয়ে নিজ ঘরে ঢুকে দরজা-জানালা আটকে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে।'

প্রধান শিক্ষক বিলকিস আক্তার বানু বলেন, প্রতিদিনের মতো গতকালও স্কুলের অ্যাসেম্বলি হয়। ষষ্ঠ শ্রেণির কয়েকজনের মতো অন্য ক্লাসের সাত-আট শিক্ষার্থী জুতা পরে আসেনি। পরে তাদের জুতা পরে আসতে বলা হয়। কেউ কেউ বাড়ি থেকে জুতা পরে এসে ক্লাসে যোগও দেয়। কিন্তু সাবিনা ইয়াসমিন নামের ওই শিক্ষার্থী কেন এমন ঘটনা ঘটাল তা বোধগম্য নয়। জুতা পরে না আসার কারণে শ্রেণিশিক্ষকও শিক্ষার্থীদের বকাঝকা করেনি।

সিংড়া থানার ওসি আবদুল্লাহ আল মামুন বলেন, 'ওই স্কুলছাত্রী কী কারণে আত্মহত্যা করেছে, সে বিষয়টি এখনো পরিষ্কার হওয়া যায়নি।'

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান
চীফ, ডি.এল.পি
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে